দৈনিক ইত্তেফাক

184

তারিখ 24 JUN 1992
পৃষ্ঠা ... 12 কলাম ... 6

## বদরুন্নেসা কলেজে ছাত্রদলের জয়লাভ

ইত্তেফাক রিপোর্ট ।। সোমবার অনুষ্ঠিত বদরুন্নেসা মহিলা কলেজ ছাত্রী সংসদ নির্বাচনে ছাত্রদল মনোনীত 'আরলী-সানু' পরিষদ পূর্ণ প্যানেলে জয়লাভ করিয়াছে। তবে নির্বাচনকে কেন্দ্র করিয়া কলেজ ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগের (ম-ই) মধ্যে হাঙ্গামা হয়। এইচ, এস, সি পরীক্ষার্থী ছাড়া সকল ছাত্রীকে হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে।

নির্বাচন উপলক্ষে গত কয়েক-দিন ধরিয়া বদরুন্নেসা কলেজ ক্যাম্পাসে দুইটি ছাত্র সংগঠনের কর্মী-দের মধ্যে উত্তেজনা ছিল। একটি সূত্র জানায়, সোমবার ভোট গণনা শেষ হওয়ার কিছু আগে কলেজে হাঙ্গামা শুরু হয়। একদল তরুণ কলেজ ক্যাম্পাস ও বাহিরে হাত বোমার বিস্ফোরণ ঘটায়। অভিযোগে জানা যায়, ছাত্রলীগ (ম-ই) সমর্থিত ছাত্রীরা সোমবার রাতে বিএনপি সমর্থিত ছাত্রীদের কলেজ হইতে বাহির করিয়া ছাত্রীনিবাস দখল করে। রাতে সংসদ নির্বাচনের ফলা-ফলে ছাত্রদলের প্যানেলকে বিজয়ী ঘোষণা করা হয়। পুলিশ জানায়, এই ঘোষণা দেওয়ার পর ছাত্রলীগ সমর্থিত ছাত্রীরা এই ঘোষণাকে প্রত্যাখ্যান করে। তাহারা কলে-জের কয়েকটি কক্ষ ভাংচুর এবং বোমা বিস্ফোরণ ঘটায়। এই সময় উভয় গ্রুপের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া চলিতে থাকে। ছাত্রলীগ সমর্থিত ছাত্রীরা ছাত্রদলের কর্মীদের ধাওয়া করিয়া মহাবিদ্যালয়ের ছাত্রী নিবাস হইতে বাহির করিয়া দেয়। রাত ১১টায় ছাত্রীরা নির্বাচনের পোষ্টারে আগুন ধরাইয়া দেয় এবং কয়েকটি কক্ষের গ্লাস ভাংচুর করে।

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### বদরুন্নেসা কলেজে

(শেষ পৃঃ পর)

কলেজের অধ্যক্ষার নির্দেশে মহিলা পুলিশ ঘটনাস্থলে যায় এবং পরি-স্থিতি আয়ত্তে আনে। পুলিশ জানায়, এই ঘটনার পর বহু ছাত্রী ইডেন কলেজ হোষ্টেলে আশ্রয় গ্রহণ করে। গতকাল অধ্যক্ষার নির্দেশে এইচ এসসি পরীক্ষার্থী ছাড়া সকল ছাত্রী হোষ্টেল ত্যাগ করে। গতকাল সকালে কলেজে পুনরায় ছাত্রী সংঘর্ষে একজন ছাত্রী আহত হয়। এই ঘটনা নিয়া ঢাকা মহা-নগর ছাত্রলীগ ও ছাত্র দল নেতারা দীর্ঘ আলোচনার পর অধ্যক্ষার সহিত দেখা করেন। দুপুরের পর পরিস্থিতি শান্ত হয় বলিয়া কলেজ অধ্যক্ষা উল্লেখ করেন।

এদিকে ছাত্রলীগ (ম-ই) বদরু-ন্নেসা কলেজ শাখা গতকাল (মঙ্গল-বার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে কলেজ ছাত্রী সংসদের নির্বাচনে ব্যাপক কার-চুপির অভিযোগ উত্থাপন করি-য়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, সরকারী কর্তাব্যক্তিদের প্রত্যক্ষ সহযোগিতায় নির্বাচনী ফলাফল পাল্টাইয়া ছাত্রদল মনো-নীত প্যানেলকে জয়ী ঘোষণা করা হইয়াছে। তাহারা বলেন, নির্বা-চনে প্রায় একশত জাল ভোট প্রদান করা হয়। সাংবাদিক সম্মেলনে নির্বাচনের ফলাফল বাতিল, পুনরায় নির্বাচন অনু-ষ্ঠানের দাবী করা হয়। শাহিদা চৌধুরী তন্নী সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন।

বদরুন্নেসা মহিলা কলেজ ছাত্রী সংসদ নির্বাচনে ছাত্রদল মনোনীত 'আরলী-সানু' পরিষদ জয়লাভ করায় ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান এম, পি; জি, এস খায়রুল কবীর খোকন, ছাত্রদলের সভাপতি রিজভী আহমেদ এবং সাধারণ সম্পাদক ইলিয়াস আলী পৃথক বিবৃতিতে অভিনন্দন জ্ঞাপন করিয়াছেন।